সংবাদ

১০

তারিখ ... 19 AUG 1996
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... 2


# ছাত্রদলের ধর্মঘট বুয়েটে ক্লাস হয়নি

(বুয়েট সংবাদদাতা)

জাতীয়তাবাদী ছাত্রদলের ডাকা অবিরাম ধর্মঘটের প্রথম দিনে গতকাল বুয়েটে কোন ক্লাস অনুষ্ঠিত হয়নি।

ছাত্রদল বুয়েট প্রশাসনকে দলীয়করণের অপচেষ্টায় নিয়োজিত কতিপয় শিক্ষকের ক্ষমতার অপব্যবহারের প্রতিবাদ জানানোর জন্য অবিরাম ধর্মঘটের ডাক দেয়। গতকাল

বুয়েট ঃ পৃঃ ৭ কঃ ৬

## বুয়েট ঃ ক্লাস হয়নি

(১ম পৃষ্ঠার পর)

সকাল থেকে ছাত্রদলের নেতা-কর্মীরা বিশ্ববিদ্যালয়ের সকল গেট তালাবদ্ধ করে রাখে এবং ৫ জন শিক্ষকের অপসারণের দাবি জানায়। শিক্ষকবৃন্দ হলেন ডঃ নজরুল ইসলাম (যন্ত্রকৌশল অনুষদ), ডঃ ইনামুল হক (প্রকৌশল অনুষদ), ডঃ আলী আসগর (প্রকৌশল অনুষদ), ডঃ মোবাশ্বের আলী (স্থাপত্য অনুষদ), ডঃ আবদুল কাদের (কেমিকৌশল অনুষদ)।

গত শনিবার মধ্য রাত্রিতে ধর্মঘটের সমর্থনে ছাত্রদল একটি মিছিল বের করে। পরবর্তীতে কয়েক রাউন্ড গুলিবর্ষণসহ ব্যাপক বোমাবাজির শব্দ শোনা যায়।